

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৯৮-আইন/২০১৯/৫৫-মুসক।— মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৭খ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম ও প্রবর্তন।**— (১) এই বিধিমালা ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থা সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর পরিশোধের সময় ও পদ্ধতি নির্ধারণ বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা, ১৭ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়-

- (ক) “আইন” অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);
- (খ) “কর” অর্থ আইনের ধারা ২ এর দফা (২৪) এ বর্ণিত কর;
- (গ) “বিধিমালা” অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬।

৩। **কর ধার্যকরণ, ইত্যাদি।**— আইনের অধীন প্রণীত অন্য কোনো বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থা সেবার ক্ষেত্রে আইনের তৃতীয় তফসিলে উল্লিখিত হারে এ কর আদায় করা হইবে।

৪। **কর পরিশোধের সময় ও পদ্ধতি।**— (১) কোনো ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট, ভূমি বা ভবন বিক্রয়ের ক্ষেত্রে উহার দলিল রেজিস্ট্রেশনের পূর্বে আইনের তৃতীয় তফসিলে বর্ণিত ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থার বিপরীতে প্রযোজ্য হারে মূল্য সংযোজন কর পরিশোধ করিতে হইবে।

(২) কোনো ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট, ভবন বা ভূমি বিক্রয়ের আংশিক বা পূর্ণ মূল্য পরিশোধের সময় ধার্যকৃত মূল্য সংযোজন কর আংশিক বা সমুদয় পরিশোধ করা হইলে দলিল রেজিস্ট্রেশনের সময় পরিশোধিত মূল্য সংযোজন কর পুনরায় পরিশোধ করিতে হইবে না।

(৩) কোনো ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট, ভবন বা ভূমি বিক্রয়ের দলিল রেজিস্ট্রেশনের সময় তৃতীয় তফসিলে ধার্যকৃত মূল্য সংযোজন করের আংশিক বা সমুদয় অংশ অপরিশোধিত থাকলে উহা পরিশোধপূর্বক প্রমাণপত্র দাখিল সাপেক্ষে রেজিস্ট্রেশন সম্পন্ন করা যাইবে।

৫। **জরিমানা।**— এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিবার ক্ষেত্রে আইনের ধারা ৮৫ এর বিধান অনুযায়ী জরিমানা আরোপ করা যাইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মুসক নীতি)